

জামাত-ভুতের ছড়া

আদনান সৈয়দ

হঠাৎ সেদিন বিবিসিতে
খবর হয়ে আসে
জামাত-ভুতে দেশটা নাকি
যাচ্ছে রে ভাই ভেসে!!

ডালে ডালে ধরছে এ ভুত
বেশতো ফলন ভালো!
জামাত-ভুতটি ধরতে হলে
বাংলাদেশে ভাই চলো ।

সিন্ধাবাদের ভুতের মত
ভুতটি ভীষন বাজে
বাংলাদেশের ঘাড়টি থেকে
নামতে রাজি না যে!

হঠাৎ আবার নতুন ভুতের
উৎপাতে যে ভাই
মইনুল নাকি জামাত-ভুতের
নতুন নাত জামাই ।

জামাত-ভুতের নখের খাবায়
দেশ করে হয় হয়
মইনুল শুধু জামাত-গানটি
নিজের গলায়ই গায় ।

জামাত-মইনুল এই ভুতেরা
বলতো কবে যাবি?
চৌদ্দ কোটি বাঙালিদের
এটাই প্রাণের দাবী ।
(adnansyed1@gmail.com)